গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৩২.০৮.০০.০০১.২০১৩-০১ তারিখ: ০১-০১-২০২০ খ্রি:

বিষয়: টিবিএল এন্ড এএসপি ওপির ২০১৯-২০২০ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের এএসপি কম্পোনেন্ট এর সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ প্রশাসনিক অনুমোদন।

সূত্র: (১) স্মারক নং-ডিজিএইচএস/এইডস/এসটিডি/২০১৯/৭৪৭, তাং-০৬-১১-২০১৯খ্রি:
(২) স্মারক নং-ডিজিএইচএস/এইডস/এসটিডি/২০১৯/৮৮৯, তাং-০৯-১২-২০১৯খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, টিবিএল এন্ড এএসপি এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৯-২০২০ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের **এএসপি কম্পোনেন্ট** এর **৪টি** প্যাকেজের বিপরীতে ১৬০৪.৫৫ লক্ষ (ষোল কোটি চার চলক্ষ পঞ্চান্ন হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

(ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান সকল আর্থিক বিধান যথাযথভাবে পালন করতে হবে;
(খ) বর্ণিত প্যাকেজসমূহের ক্ষেত্রে OTM (Open Tendering Method-National/ International) অনুসরণ করতে হবে;
(গ) RFQ এর ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এ তফসীল-২ এ বর্ণিত মূল্যসীমা অতিক্রম করা যাবে না;
(ঘ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
(ঙ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
(চ) ঔষধ ক্রয়ের ক্ষেত্রে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মূল্য অনুসরণ করতে হবে;
(ছ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
(জ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

(২) একইসাথে গত ২৭-০৮-২০১৯ খ্রি: তারিখের ৪৫.১৬৫.০৩২.০৮.০০.০০১.২০১৫-১৯৯ সংখ্যক স্মারকে অনুমোদনকৃত **এএসপি কম্পোনেন্ট এর ৪টি** প্যাকেজের বিপরীতে ১৫৯৫.৯১ লক্ষ (পনের কোটি পঁচানব্বই লক্ষ একানব্বই হাজার) টাকার প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস) এর অংশটুকু এতদসংগে বাতিল করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা

01.01.20.

(মুহাম্মদ শাহাদত খন্দকার)
উপসচিব
ফোন: ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
টিবিএল এন্ড এএসপি
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

D:\Letter\LD.TB-Leprosy.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০০৭.০২.০০.০০২.২০১৮-০২ তারিখ: ০১-০১-২০২০ খ্রি:

বিষয়: শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এন্ড নার্সিং ইনস্টিটিউট, গোপালগঞ্জ-এর ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন

সূত্র: (১)স্মারক নং-স্বাঃঅধিঃ/পঃ ও গবেঃ/শেখ সায়েরা খাতুন মেঃকঃহাসঃ/৫৬৭/২০১৯/১৫৮৯, তাং-০৩-১২-২০১৯ খ্রি:
(২) স্মারক নং-শেসাখামেকহা/গোপা/২০১৯/৫৭৯, তাং-০৪-১২-২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে প্রকল্প পরিচালক, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট, গোপালগঞ্জ শীর্ষক প্রকল্প এর প্রস্তাব মোতাবেক উক্ত প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরে এডিবি বরাদ্দ অনুযায়ী ১৪টি প্যাকেজের বিপরীতে (মেডিকেল যন্ত্রপাতি খাতে ২৪০.৪৩ লক্ষ টাকা বাদে) মোট (৮৭৬৩.৩৯-২৪০.৪৩)=৮৫২২.৯৬ লক্ষ (পঁচাশি কোটি বাইশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

(ক) বর্ণিত প্যাকেজের পণ্যসমূহ ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান সকল বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
(খ) বর্ণিত যন্ত্রপাতিগুলো ক্রয়ের লক্ষ্যে বাজার দর কমিটি গঠনপূর্বক বাজার দর কমিটির প্রতিবেদনের আলোকে যন্ত্রপাতিসমূহ ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বাজার দর কমিটির প্রতিবেদন (প্রয়োজনে গোপনীয় খামে) স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে;
(গ) চিকিৎসা যন্ত্রপাতির ক্ষেত্রে বরাদ্দকৃত ৬৯৫০.০০ লক্ষ টাকার বেশী ব্যয় করা যাবে না;
(ঘ) বর্ণিত আইটেমসমূহের ক্রয় মূল্য/চুক্তি মূল্য বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে প্রণয়ন করতে হবে; চুক্তি মূল্য কোনক্রমেই অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত মূল্য অতিক্রম করা যাবে না;
(ঙ) প্রস্তাবিত যন্ত্রপাতি ডিপিপিতে অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করতে হবে;
(চ) গাড়ি ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;
(ছ) অর্থ বিভাজন আদেশের সকল শর্ত প্রতিপালন করতে হবে;
(জ) প্রস্তাবিত পণ্য ক্রয় প্রক্রিয়ায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ন্যাশনাল/ইন্টারন্যাশনাল) অনুসরণ করতে হবে;
(ঝ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা

০১.০১.২০

(মুহাম্মদ শাহাদত খন্দকার)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

প্রকল্প পরিচালক
শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও
হাসপাতাল এন্ড নার্সিং ইনস্টিটিউট
গোপালগঞ্জ

অনুলিপি:
১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

D:\Letter\Govt.Imploy.Hosp.doc